



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/লালমনিরহাট -৩৯/ ১১১/ ৪

তারিখ: ১৫.১০.২০১৯খ্রি:

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের আদেশ অনুযায়ী রিট পিটিশন নং-৬৫৭৬/২০১৯ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক জনাব আ.ন.ম আবুল কালাম আজাদ এর ২৫/০৬/২০১৯ খ্রি: তারিখের দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/লালমনিরহাট -৩৯/১১১৩/৪; তারিখ: ১৫.১০.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন ডুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদ্রাসার সুপার দাবীদার জনাব আ.ন.ম আবুল কালাম আজাদের ২৫/০৬/২০১৯ খ্রি: তারিখের দরখাস্ত মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিষ্পত্তির নির্দেশনা দিয়েছেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা ও স্ট্র জটিলতা নিরসনকল্পে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য গত ২১/১০/২০১৯ খ্রি: তারিখ রোজ সোমবার অত্র বোর্ডে উপস্থিত হয়ে স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রোক্ত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উভয়পক্ষ বোর্ডে উপস্থিত হয়ে স্ব-স্ব দাবীর পক্ষে বক্তব্য এবং কাগজপত্র দাখিল করেন।

জনাব আ.ন.ম আবুল কালাম আজাদ (সুপার দাবীদার) তার বক্তব্যে উল্লেখ করেন যে, গত ০১/০১/১৯৮৯ খ্রি: তারিখে সহকারী মৌলভী হিসেবে যোগদান করেন। গত ০১/০১/১৯৯৫ খ্রি: তারিখে এমপিওভুক্ত হন। গত ২০/০৮/২০০৯ খ্রি: তারিখে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়ে গত ০৪/০৪/২০১১ খ্রি: তারিখ পর্যন্ত ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালন করেন। বিগত ২৮/০৩/২০১১ খ্রি: তারিখে ১৫৮ তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে (অপর সুপার দাবীদার মো: শহিদুল ইসলাম) সুপারের চূড়ান্ত বরখাস্তের মাধ্যমে উক্ত পদটি শূন্য হয়। শূন্য পদে গত ০৭/০৪/২০১১ খ্রি: তারিখে তিনি সুপার হিসেবে যোগদান করেন। সুপার হিসেবে এমপিওভুক্ত হন ০১/০৬/২০১২ খ্রি: তারিখে। চূড়ান্ত বরখাস্তকৃত সাবেক সুপার জনাব মো: শহিদুল ইসলাম ভাড়াটে লোকদিয়ে মারধর করে প্রতিষ্ঠান থেকে বের দেন যার ফলে ১৫/০৪/২০১১ খ্রি: তারিখ থেকে মাদ্রাসায় উপস্থিত হতে পারেননি। তার বিরুদ্ধে ০৯ (নয়) টি মামলা দায়ের করা হয় তন্মধ্যে ০৭ টি মামলা খারিজ হয় এবং ০২টি মামলা চলমান রয়েছে।

অপর সুপার দাবীদার জনাব মো: শহিদুল ইসলাম তার মৌখিক ও লিখিত বক্তব্যে যা উল্লেখ করেন তা সংক্ষেপে- অত্র প্রতিষ্ঠানে সুপার হিসেবে ২৩/০৬/১৯৯৪ খ্রি: তারিখে যোগদান করে সুপার পদে বিগত ০১/০১/১৯৯৫ খ্রি: তারিখ থেকে এমপিওভুক্ত হন। জেএমবি হিসেবে ১০/১২/২০০৫ খ্রি: তারিখে পুলিশের হাতে ধরা পড়ে দীর্ঘ ০১ বছর জেল হাজতে থাকেন। দীর্ঘ ০১ (এক) বছর জেল হাজতে থাকার পর তিনি ১০/১২/২০০৬ খ্রি: তারিখে বেখসুর খালস পান। ২০০৬ সাল থেকে পুনরায় সুপার পদে যোগদান করে গত ১২/০৮/২০০৯ খ্রি: তারিখে চিকিৎসার জন্য ছুটিতে থাকেন এবং দেশেই চিকিৎসা নেন। চিকিৎসার কোন কাগজপত্র দাখিল করতে পারেননি। দীর্ঘদিন অনুপস্থিত থাকার পরে উপজেলা নির্বাহী অফিসার ২০/০৮/২০০৯ খ্রি: তারিখে জনাব আ.ন.ম আবুল কালাম আজাদকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করলে তিনি ২০/০৮/২০০৯ খ্রি: তারিখ থেকে ০৪/০৪/২০১১ খ্রি: তারিখ পর্যন্ত ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালন করেন। ১২/০৮/২০০৯ খ্রি: তারিখ থেকে ০৪/০৪/২০১২ খ্রি: তারিখ পর্যন্ত পুনরায় জনাব মো: শহিদুল ইসলাম প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকেন। ০৫/০৫/২০১২ খ্রি: তারিখে সুপার হিসেবে পুনরায় জনাব মো: শহিদুল ইসলাম উক্ত পদে আসীন হন। উল্লেখ্য, ২৮/০৩/২০১১ খ্রি: তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৫৮তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক তাকে চূড়ান্ত বরখাস্ত করা হয়। বরখাস্ত আদেশের বিরুদ্ধে সুপার রিট পিটিশন ১০৩৯৬/১২ দাখিল করেন। উক্ত রিট পিটিশনটি ১৯/০৩/২০১৭ খ্রি: তারিখে খারিজ হয়। সুপার পুনরায় উক্ত রিট পিটিশনের বিষয়ে সিএমপি আবেদন করেছেন যা চলমান রয়েছে।

বর্ণিত অবস্থায় বোর্ডে দাখিলকৃত কাগজপত্র ও শুনানীঅন্তে উভয় পক্ষের বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বিষয়টি অত্যন্ত জটিল বিধায় সাবেক ও বর্তমান সভাপতি এবং সকল মামলার রায় ও আদেশ এবং অন্যান্য সমর্থনীয় কাগজপত্রসহ উভয় পক্ষকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা ও উক্ত স্ট্র জটিলতা নিরসনকল্পে আগামী ২৮/১১/২০১৯ খ্রি: তারিখে রোজ বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৫/১০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ

১। সভাপতি, ম্যানেজিং কমিটি, ডুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদ্রাসা

ডাকঘর: ভোটমারী, কালীগঞ্জ, লালমনিরহাট;

২। জনাব মো: শহিদুল ইসলাম (সুপার দাবীদার), ডুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদ্রাসা

ডাকঘর: ভোটমারী, কালীগঞ্জ, লালমনিরহাট;

নং-বামাশিবো/প্রশাসন/লালমনিরহাট -৩৯/ ১১১/ ৪

তারিখ: ১৫.১০.২০১৯খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
২. উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট;
৪. জনাব আ.ন.ম আবুল কালাম আজাদ (সুপার দাবীদার), ডুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদ্রাসা, কালীগঞ্জ, লালমনিরহাট;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

১৫/১০/১৯

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪